



তথ্যবিবরণী

নম্বর-১৮৮

রাজশাহীতে তারুণ্যের মেলা-২০২৫ এর উদ্বোধন

রাজশাহী; ২৩ মাঘ (০৬ ফেব্রুয়ারি):

আজ ০৬ ফেব্রুয়ারি (বৃহস্পতিবার) বিকালে তারুণ্যের মেলা-২০২৫ এর অংশ হিসেবে নতুন বাংলাদেশ গড়ার প্রত্যয়ে নগরীর স্যাটেলাইট টাউন হাইস্কুল মাঠে যুব সমাবেশ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মেলার উদ্বোধন করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার তরফদার মোঃ আজার জামীল।

প্রধান অতিথি বলেন, আজকের এই মেলায় তারুণ্য ও যুবকদের সম্মিলন ঘটেছে। জাতিসংঘের মতে, ১৭ থেকে ২৯ বছর বয়সীদের তরুণ এবং ১৫ থেকে ৩৫ বছর বয়সীদের যুবক হিসেবে ধরা হয়। তাদের মধ্যে পার্থক্য করা খুবই কঠিন। যুবকরা হলো একটি সমাজের সবচেয়ে কর্মক্ষম, প্রতিশ্রুতিশীল এবং উৎপাদনশীল সম্প্রদায় বা জনগোষ্ঠী। আমরা বয়স্কদের থেকে তরুণদের কাছে বেশি কর্মউৎপাদন আশা করি, কারণ তাদের প্রতি ঘণ্টা কর্মউৎপাদন ক্ষমতা বয়স্কদের থেকে অনেক বেশি। তারা অত্যন্ত প্রাণোজ্জ্বল এবং তাদের মধ্যে উদ্দীপনা আছে বলেই তরুণদের দ্বারা এটি সম্ভব হয়।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার বলেন, আমাদের দেশে ১৫ থেকে ৩৫ বছর বয়সী যুবকের সংখ্যা দেশের মোট জনসংখ্যার এক-তৃতীয়াংশ বা প্রায় পাঁচ কোটি ৩০ লক্ষের কাছাকাছি। আর এই বিশাল যুবসম্প্রদায়কে যদি আমরা কর্মক্ষম করে গড়ে তুলতে পারি এবং তাদের মধ্যে যে কর্মউদ্দীপনা আছে সেটা যদি আমরা জাগিয়ে তুলতে পারি তাহলে আমাদের দেশের উন্নয়ন সম্ভব। কারণ সকল প্রকার উৎপাদন এই বয়সেই সম্ভব। অন্যদিকে ৪০-৪৫ বছর বয়সীদের কর্মক্ষমতা দিন দিন কমতে থাকে। মেলায় আনন্দের পাশাপাশি আমাদের যুব সম্প্রদায়ের যে শক্তি আছে সেই শক্তিকে কাজে লাগিয়ে আমরা দেশ গড়ার কাজে এগিয়ে যাব।

রাজশাহী জেলা প্রশাসক আফিয়া আখতার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক জোবায়ের হোসেন, উম্মে কুলসুম সম্পা ও টুকটুক তালুকদার, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক শবনব শিরীন ও যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক এ.টি. এম গোলাম মাহবুব।

উল্লেখ্য মেলায় ৬০ টি স্টলে বিভিন্ন উদ্যোক্তাদের তৈরী পণ্য প্রদর্শিত হয়। ০৬-১০ ফেব্রুয়ারি পাঁচ দিনব্যাপী অনুষ্ঠিত মেলা প্রত্যহ বিকাল চারটা থেকে রাত নয়টা পর্যন্ত চলবে।

.....

তৌহিদ/আতিক/রায়হান/ ২০২৫/১৭.৩০ ঘ.